



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

তারিখ: ২৬.১০.২০২৪

প্রেস রিলিজ

পাবিপ্রবিতে প্রথমবর্ষের ক্লাস শুরু

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আজ শনিবার (২৬ অক্টোবর) ২০২৩-২৪ শিক্ষাবর্ষের ক্লাস শুরু হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ২১টি বিভাগের প্রতিটিতে উপাচার্য অধ্যাপক ড. এসএম আব্দুল আওয়াল সকাল সাড়ে ১০টা থেকে ২টা পর্যন্ত পরিদর্শন করেন। তিনি নবাগত শিক্ষার্থীদের সাথে বিভিন্ন পরামর্শ ও দিকনির্দেশনামূলক কথা বলেন।

এ সময় উপাচার্যের সাথে ছিলেন বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. ফজলুল হক, প্রকৌশল ও প্রযুক্তি অনুষদের ডিন অধ্যাপক ড. শেখ রাসেল আল আহমেদ, ব্যবসায় শিক্ষা অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আমিরুল ইসলাম, মানবিক ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মীর খালেদ ইকবাল চৌধুরী, জীব ও ভূ-বিজ্ঞান অনুষদের ডিন ড. মো. রাহিদুল ইসলাম, প্রক্টর অধ্যাপক ড. কামরুজ্জামান খান এবং ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তরের পরিচালক ড. মো. রাশেদুল হক।

উপাচার্য অধ্যাপক ড. এসএম আব্দুল আওয়াল নবাগত শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, আজকের দিনটি তোমাদের জন্য একটি নতুন যাত্রা। শিক্ষাজীবনের প্রথম দিনটি একটি ঐতিহাসিক দিন। এখান থেকেই ক্যারিয়ারকে সঠিকভাবে আকৃতি বা শেপ দিতে হবে। তোমরা এখন বিশ্ববিদ্যালয়ের প্রোডাক্ট, তোমাদেরক গুণগত মানসম্পন্ন হতে হবে। বাংলাদেশকে জাতীয় ও আন্তর্জাতিকভাবে নেতৃত্ব দিয়ে এগিয়ে নেওয়া এবং স্বাধীনভাবে নিজেকে গড়ে তুলতে হবে। তবে তোমাদের সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ, ভালো রেজাল্ট করার ব্যাপারে মনোযোগী হয়ে সৎ ও কর্তব্যপরায়ণ হওয়া। সমাজের জন্য সর্বোচ্চ ভালোটা দিয়ে জাতির সেবা করে যাবে। তোমাদের পড়াশোনার পাশাপাশি সহশিক্ষামূলক কার্যক্রমেও অংশগ্রহণ বাড়াতে হবে।

তিনি আরও বলেন, নতুন বাংলাদেশ হবে নতুন সূচনা, নতুন সিস্টেম এবং মাউন্ডসেট পরিবর্তন করা। তোমাদের মাধ্যমেই পাবনা নতুনরূপে উপস্থাপিত হবে দেশ ও বিশ্ব পরিসরে। সর্বোপরি বড় চিন্তা, বড় ভাবনা এবং স্বপ্নকে বৃহৎ পরিসরে উন্নীত করতে হবে।



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

বার্তা প্রেরক

(মো.বাবুল হোসেন)

সহকারী পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়